

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-০১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৫৫.৩৩.০০১.২২.২৭

তারিখ: ১৯ মাঘ ১৪২৮

০২ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: নিয়মিত কমিটিবিহীন বিভিন্ন মাদ্রাসায় বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক সুপারিশকৃত শিক্ষকদের নিয়োগ/যোগদানের জটিলতা নিরসন প্রসঙ্গে।

সূত্র: মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.০৮.০০৫.২১.৮, তারিখ: ৩০/০১/২০২২খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকদের নিয়োগ/এমপিওভুক্তির ক্ষেত্রে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক) নিয়মিত কমিটি/বিশেষ কমিটি/ এডহক কমিটির অবর্তমানে কিংবা মামলা বা অন্য কোন কারণে কমিটি গঠনে জটিলতা তৈরি হলে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক সুপারিশকৃত শিক্ষকদের নিয়োগ/যোগদান পত্রে/এমপিওভুক্তির প্রস্তাবে জেলা সদরের মাদ্রাসার ক্ষেত্রে জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক এবং জেলা সদরের বাইরের মাদ্রাসার ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার প্রতিস্বাক্ষর করবেন;

খ) পরবর্তীতে নিয়মিত কমিটি গঠিত হলে এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত শিক্ষকদের নিয়োগ অবশ্যই নিয়মিত কমিটি কর্তৃক ভূতাপেক্ষভাবে অনুমোদন করতে হবে;

গ) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) অনুযায়ী মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এমপিও সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করবে।

২-২-২০২২

সুলতানা আক্তার

উপসচিব

ফোন: ৯৫৭৭৪২৪

ফ্যাক্স: ৯৫৮৪৪৬৬

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

ইমেইল: dsmad@tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৫৫.৩৩.০০১.২২.২৭/১(১৩)

তারিখ: ১৯ মাঘ ১৪২৮

০২ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম
- ৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
- ৪) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর
- ৫) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ৬) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
- ৭) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল
- ৮) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ
- ৯) যুগ্মসচিব, জেলা ও মাঠ প্রশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
- ১০) জেলা প্রশাসক, জেলা প্রশাসক (সকল)।
- ১১) উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।
- ১২) সচিবের একান্ত সচিব (উপসচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ১৩) ব্যক্তিগত কর্মকর্তা, মাদ্রাসা অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ



২-২-২০২২

সুলতানা আক্তার

উপসচিব